# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 09-04-2026** **Time : - 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের আজ'ই শেষ দিন। **#**দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আজ'ই শেষ হচ্ছে।

২/ নির্বাচন কমিশন, পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার প্রক্রিয়াকে আরো সুরক্ষিত ও স্বচ্ছ করার ওপর জোর দিচ্ছে।

৩/ 'বিকশিত ভারত' গঠনের জন্য এরাজ্য থেকে তৃণমূল কংগ্রেস সরকারের বিদায় অত্যন্ত জরুরী বলে, হলদিয়ায় জনসভায় মন্তব্য করেছেন শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

**#** সুপরিকল্পিতভাবে বিপুল সংখ্যক মানুষের নাম, ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে বলে অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪/ অনুকূল বায়ু প্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে, আজ'ও রাজ্যের বেশ কয়েকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস।

৫/ IPL ক্রিকেটে কলকাতার ইডেন গার্ডেন্সে নাইট রাইডার্স আজ লক্ষ্ণৌ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে।

*************************************************************************

রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের আজ শেষ দিন। এই দফায় ১৫২ টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোটগ্রহণ।

এদিকে, দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হচ্ছে। আগামীকাল জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই পর্বে ১৪২ টি আসনে ২৯ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

নদীয়ায় এপর্যন্ত ১৭ টি আসনের জন্য ১১৯ জন মনোনয়ন জমা দিয়েছেন। মালদায় ১২ টি আসনে মোট ১৪১ টি মনোনয়ন জমা পড়েছে।

***********************************************************************

নির্বাচন কমিশন আসন্ন বিধানসভা নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার প্রক্রিয়াকে আরও সুরক্ষিত ও স্বচ্ছ করার উপর জোর দিচ্ছে। এক নির্দেশিকায় এই প্রক্রিয়ার জন্য ব্যবহৃত ফেসিলিটেশন সেন্টার (এফসি) এবং পোস্টাল ভোটিং সেন্টার (পিভিসি)-তে ভোটগ্রহণের ক্ষেত্রে নজরদারি ও নিরাপত্তা জোরদার করার কথা বলা হয়েছে।

নির্বাচনী দায়িত্বে থাকা ভোটারদের নির্দিষ্ট ফ্যাসিলিটেশন সেন্টারেই পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে হবে। পাশাপাশি জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত অনুপস্থিত ভোটারদের জন্য পোস্টাল ভোটিং সেন্টারের ব্যবস্থা রাখা হয়েছে।

এই প্রক্রিয়ায় নজরদারি বাড়াতে গ্রুপ 'বি' পর্যায়ের একজন আধিকারিককে প্রতিটি বুথে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ বাধ্যতামূলক। এছাড়া সাধারণ, পুলিশ বা ব্যয় পর্যবেক্ষকদের দিনে অন্তত তিনবার করে এই কেন্দ্রগুলি পরিদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে। ভোটগ্রহণ ও খাম সিল করার প্রক্রিয়া ঠিকমতো হচ্ছে কি না, তা নিশ্চিত করতে হবে এবং কোনও গড়মিল হলে তা দ্রুত রিপোর্ট করতে হবে। প্রতিটি ফ্যাসিলিটেশন ও পোস্টাল ভোটিং সেন্টারের প্রবেশপথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ রয়েছে।

এছাড়া, প্রতিটি বুথে CCTV ক্যামেরা বসিয়ে পুরো ভোটগ্রহণ প্রক্রিয়া রেকর্ড করার নির্দেশ দেওয়া হয়েছে।

***********************************************************************

রাজ্যে পরিবর্তন আসন্ন বলে শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আজ পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় দলের সমাবেশে ভাষণে শ্রী মোদী বলেন, তৃণমূল কংগ্রেসের শাসনে রাজ্য অনুপ্রবেশকারী, দাঙ্গাকারী এবং দুষ্কৃতীদের দখলে চলে গেছে। রাজ্যের যুব সম্প্রদায়ের হাতে কাজ নেই। ফলে তারা কখনও আন্দামান নিকোবর, কখনও ওড়িশার মত রাজ্যে পরিযায়ী শ্রমিক হয়ে যেতে বাধ্য হচ্ছেন। হলদিয়ার শিল্পাঞ্চলে কোনো উন্নতি তৃণমূল কংগ্রেস সরকার করতে পারেনি বলে প্রধানমন্ত্রী এদিন অভিযোগ করেন।

পাঁচ বছর আগে নন্দীগ্রাম আসনে যে পরিবর্তনের সূচনা হয়েছিল, তা ভবানিপুরে এবার দেখা যাবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

( বাইট- PM )

তৃণমূল কংগ্রেস রাজ্য ভয়ের শাসন প্রতিষ্ঠা করেছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন, অনুপ্রবেশকারীরা এই রাজ্যে ভুয়ো নথি তৈরি করে সারা দেশে ছড়িয়ে পড়ছে। তাই বিকশিত ভারতের জন্য নির্মম সরকারের বিদায় অত্যন্ত জরুরী।

রাজ্যে ক্ষমতায় এলে বিজেপি স্বচ্ছতার সঙ্গে নিয়োগ করবে বলে ফের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী। পূর্ব মেদিনীপুরোর মত জেলা মত্স্য ব্যবসাতে একসময়ে সারা ভারতে সমাদৃত হলেও তৃণমূল কংগ্রেসের জমানায় এই ক্ষেত্রটির ব্যপক ক্ষতি হয়েছে।

( বাইট- PM )

এরপর প্রধানমন্ত্রীর পশ্চিম বর্ধমানের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীদের সমর্থনে আরো দুটি জনসভা করার কথা।

****************************************************************************

এদিকে বিজেপি নেতা, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ হুগলীর সিঙ্গুরে কৃষকদের একটি সভায় উপস্থিত থাকবেন। দুপুরে কলকাতায় জাতীয় গ্রন্থাগারে এক সম্মেলনে যোগ দেবেন তিনি।

এদিকে, আজ পানিহাটিতে বিজেপি প্রার্থীদের মনোনয়ন জমা উপলক্ষ্যে শোভাযাত্রায় অংশ নেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানী।

রাজ্য সফররত বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ মালদায় একটি বৈঠকের পর উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তর ২৪ পরগণার মিনাখাঁ-য় দলীয় সমাবেশে যোগ দেন। তিনি বলেন, সুন্দরবন রক্ষায় রাজ্য সরকার একাধিক পদক্ষেপ নিয়েছে। ক্ষমতায় ফিরলে সুন্দরবনকে 'জেলা'-র মর্যাদা দেবে তৃণমূল সরকার।

( বাইট- মমতা )

সুপরিকল্পিতভাবে ৯০ লক্ষ নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে বলে তিনি ফের অভিযোগ করেন। বরানগরে দলীয় প্রার্থীর সমর্থনে ডানলপ থেকে সিঁথির মোড় পর্যন্ত পদযাত্রায় অংশ নেবেন তিনি। পানিহাটিতে প্রচারের কর্মসূচী রয়েছে তাঁর।

যাদবপুর বিধানসভা কেন্দ্রে CPIM প্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য, আজ সন্ধ্যায় জনসভা করবেন।

মুর্শিদাবাদের বহরমপুর আসনে কংগ্রেস প্রার্থী অধীর রঞ্জন চৌধুরী আজ ট্যাবলো সহযোগে হরিদাসমাটি ও জমিদারী এলাকায় প্রচার করবেন। সন্ধ্যায় খাগড়ায় তাঁর একটি সভা করারও কথা রয়েছে।

****************************************************************************

সংশোধিত ওয়াকফ আইনের বিরোধীতায় আন্দোলনে মুর্শিদাবাদের শমসেরগঞ্জের হিংসায় নিহত হরগোবিন্দ দাস এবং চন্দন দাসের স্ত্রীকে বিজেপির মহিলা মোর্চার একটি অনুষ্ঠানে যোগ দেওয়ায় জল্পনা শুরু হয়েছে । বুধবার শমসেরগঞ্জের ধুলিয়ানে বিজেপির মহিলা মোর্চার একটি সম্মেলনের আয়োজন করা হয়েছিল।

**********************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস এর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ  পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ  রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**********************************************************************

নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে, ভোট পূর্ববর্তী হিংসা ও সন্ত্রাস রুখতে তৎপর মুর্শিদাবাদ জেলা প্রশাসন। ইতিমধ্যেই জেলার ডোমকল, সুতি, সামশেরগঞ্জ ফারাক্কায় বোমা ও বিস্ফোরক উদ্ধার হয়েছে। তারপরেই জেলার বিভিন্ন থানা এলাকায় অশান্তি ও সংকটপ্রবণ এলাকাগুলিতে পুলিশ কুকুর, বম্বস্কোয়াড নামিয়ে চলছে ম্যারাথন তল্লাশী।

**********************************************************************

কলকাতার ভাঙ্গড় ডিভিসানের হাতিশালায় মধ্যে পাড়ায়, একটি পরিত্যক্ত বাড়ি থেকে আজ সকালে তেরোটি তাজা বোমা উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, নাকা চেকিং চলার সময়ে পুলিশ আজ সকালে ব্যাগ ভর্তি বোমাগুলি উদ্ধার করে। বোম স্কোয়াডকে খবর দেওয়া হয়েছে।

**********************************************************************

ভোটের মুখে নগদ ২ লক্ষ ৮ হাজার টাকা সহ এক ব্যক্তিকে গ্রেফতার করেছে জি আর পি বনগাঁ জিআরপি। শিশির কুমার দাস নামে ওই ব্যক্তি বামনগাছি এলাকার বাসিন্দা। গতরাতে তাকে বনগাঁ স্টেশনের প্লাটফর্ম থেকে আটক করা হয়। তাঁর কাছে কোন বৈধ কাগজপত্র ছিল না।

**********************************************************************

পুরুলিয়ার বান্দোয়ানে নাকা চেকিং চলাকালীন এক লক্ষ ৩৫ হাজার টাকা নগদ উদ্ধার করেছে নির্বাচন কমিশন ফ্লাইং স্কোয়াড টিম। ঝাড়খণ্ডের একটি গাড়ি থেকে ওই টাকা উদ্ধার হয়। গাড়ির চালককে আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

**********************************************************************

পূর্ব বর্ধমানের কেতুগ্রামে শাখাইঘাটে বালি বোঝাই নৌকো উল্টে দুজনের মৃত্যু হয়েছে। জানা গেছে, বালি বোঝাই করে যাওয়ার সময়ে আজ ভোরে ভাগীরথীতে নৌকোটি চরে ধাক্কা লেগে উল্টে যায়। কেতুগ্রাম থানার পুলিশ পরে দুটি দেহ উদ্ধার করে।

**********************************************************************

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও রাজ্যের বেশ কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়ায় ইতমধ্যেই বৃষ্টি শুরু হয়েছে।

আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় আলিপুরে ১৫ দশমিক দুই মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। বৃষ্টির কারণে কমেছে তাপমাত্রা। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২১ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ৪ ডিগ্রি কম।

অন্যদিকে উত্তরবঙ্গের পাঁচটি জেলাতেও আজ হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। তবে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে।

**********************************************************************

ঝড় বৃষ্টির কারনে দুদিন ধরে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন থাকায় পুরুলিয়ার বান্দোয়ান থানার তালপাত সহ বিভিন্ন গ্রামের বাসিন্দারা গতকাল পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। তালপাত মোড়ে রাজ্য সড়কের ওপর টায়ার জালিয়ে তারা বিক্ষোভ দেখান। তাঁদের অভিযোগ একাধিকাবার বিদ্যুৎ দপ্তরে অভিযোগ জানিয়েও সমস্যার সমাধান হয়নি। পরে পুলিশের আশ্বাসে অবরোধ উঠে যায়।

**********************************************************************

উত্তর সিকিমের লাচেনে তুষারপাতের কারণে আটকে পড়া পর্যটকদের উদ্ধারের জন্য ভারতীয় সেনা, বর্ডার রোডস অর্গানাইজেশনের সঙ্গে একযোগে ‘অপারেশন হিম সেতু’-র সূচনা করেছে। ভূমিধসের কারণে উত্তর সিকিমের লাচেন ও চুংথাং-এর মধ্যে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। প্রতিকূল আবহাওয়া থাকা সত্ত্বেও, সেনাকর্মীরা গুরুত্বপূর্ণ গিরিপথগুলো খুলে দিয়েছেন। বিকল্প পথে উদ্ধারকাজ চালানোর চেষ্টা চলছে। আকাশবাণীর প্রতিনিধির একটি প্রতিবেদন-

( ভয়েসকাস্ট )

উল্লেখ্য, এরাজ্যের বহু পর্যটক সিকিমে বিপর্যস্ত এলাকায় আটকে পড়েছেন। তাদের সুবিধার্থে নবান্নে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম খোলা হয়েছে।

**********************************************************************

কলকাতার ইডেন গার্ডেন্সে IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, লখনউ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে ৭ টায়। KKR তিন ম্যাচের পরেও এখনো জয়ের মুখ দেখেনি। পরপর দুই ম্যাচে হারের পর গত সোমবার পাঞ্জাব কিংসের বিরুদ্ধে তাদের তৃতীয় ম্যাচটি বৃষ্টিতে ভেস্তে যাওয়ায় এক পয়েন্ট পায় কেকেআর। অন্যদিকে, লখনউ দুটি ম্যাচে খেলে একটিতে জয়ী হয়েছে।

**********************************************************************